

## Class 8, Bengali 2<sup>nd</sup> lang

### ★ প্রশ্ন.. রবীন্দ্রনাথ ঠাকুর

- ‘প্রশ্ন’ কবিতাটির মূল কাব্যগ্রন্থ হল ‘পরিশেষ’। পরাধীন ভারতের নৃশংস অত্যাচারের ছবি ফুটে উঠেছে এই কবিতার মূল ভাবনায়।
- ১৯১৯ সালের এপ্রিল মাসে পাঞ্জাবের জালিয়ানওয়ালাবাগ নামক স্থানে শান্তি আন্দোলনে জমায়েত হয়েছিল বহু মানুষ। তৎকালীন ইংরেজ জেনারেল ডায়ার খবর পেয়ে, কোনো সতর্ক না করে গুলি করে হত্যা করেন হাজার খানের মানুষ। তাতে বাদ যায়নি বৃদ্ধ, শিশু, মহিলাও। সারা দেশ জুড়ে শুরু হয় এ ঘটনার প্রতিবাদ। কবিগুরুর প্রতিবাদ আসে তাঁর লেখনির দ্বারা। ইংরেজদের দেওয়া ‘নাইটহুড’ উপাধি পরিত্যাগ করেন তিনি। গর্জে ওঠে তাঁর কলম।
- কবিতার প্রথম অংশে কবি ঈশ্বরের উদ্দেশ্যে তাঁর পাঠানো দূতদের সম্পর্কে বলেছেন। দূতেরা যে ভালবাসা, ক্ষমা করার কথা বলে গেছেন, তা কি সবাই যথাযথ ভাবে মানে! সেই সব মহাপুরুষ ও ঈশ্বর সমতুল্য মানুষেরা সবাই খুব শ্রদ্ধেয় ও স্মরণীয়। কিন্তু আপতকালীন সময়ে তাদের বাণী হৃদয়ের বাইরেই রয়ে যায়, অন্তরে প্রবেশ করে না। তাই তাদের প্রতি মানুষের শ্রদ্ধা ব্যর্থ নমস্কারে পরিণত হয়। পরের অংশে কবি পরাধীন দেশের ভয়ংকর ছবি তুলে ধরেছেন। সাধারণ মানুষের অবস্থা আর ক্ষমতাধর শাসকের শাসন। শেষ অংশে কবি বলতে চেয়েছেন নিজের উপলব্ধি। চারিদিকের এই ছবি তাকে কিভাবে অস্থির করে তুলেছিল। তাই ঈশ্বরের উদ্দেশ্যে তার প্রশ্ন কবিতার শেষে। ঈশ্বরসৃষ্ট আলো বাতাস যারা বিষিয়ে দিচ্ছে তারা কি ক্ষমার যোগ্য!

★ এই কবিতার questions বই এর গুলো লিখতে হবে না। নিচে যেগুলো দেওয়া হল সেগুলোর উত্তর লিখবে। বই থেকে শুধু ব্যাকরণ বিষয়ক প্রশ্নের ১), ২), ৩) করবে।

★★ নতুন বাংলা ছোট খাতায় সব লিখবে।

★ Textual questions (part marks 2+2+3+3)

১. ‘ভগবান, তুমি যুগে যুগে দূত পাঠিয়েছ বারে বারে.....’

ক) দূত কারা? নাম লেখ দুজনের?

খ) কে তাদের কোথায় পাঠিয়েছেন?

গ) দূতেরা কি কি বলে গেছেন?

ঘ)তবু তাদের প্রতি নমস্কার ব্যর্থ কেন?

২. 'আমি যে দেখেছি গোপন হিংসা কপটরাত্রি ছায়ে হেনেছে নিঃসহায়ে...'

ক) কপট রাত্রি বলতে কি বোঝ?

খ) নিঃসহায় কারা?

গ) এটি কোন সময়ের ছবি?

ঘ) আর কি কি দেখেছেন কবি?

৩. 'লুপ্ত করেছে আমার ভুবন দুঃস্বপনের তলে...'

ক) লুপ্ত কথার অর্থ কি?

খ) আমার ভুবন বলতে কি বোঝ?

গ) কবির ভুবন কেন লুপ্ত হয়ে গিয়েছিল?

ঘ) তাই কার উদ্দেশ্য কি প্রশ্ন করেছেন তিনি?

★ **ব্যাকরণ.....** [Learn from Class 8 Bengali grammar bk](#)

১) বিপরীত শব্দ, ২) পদ পরিবর্তন ৩) সমার্থক শব্দ, ৪) সমোচ্চারিত ভিন্নার্থক শব্দ, ৫) বাগধারা ৬) বাক্য রচনা কর.... উদ্যান, প্রতিযোগী, পরিপাক, যাচ্ছেতাই, নিত্যনিয়মিত

\*\*\*\*\*